

অবৈধ/অনুমোদনবিহীন ভিওআইপি ব্যবসা পরিচালনাকারীর বিরুদ্ধে বিটিআরসি'র অভিযান।
বিপুল পরিমাণ অবৈধ ভিওআইপি সরঞ্জাম জব্দ, আটক ০১।

ঢাকা, ২৫ এপ্রিল ২০২৫, শুক্রবার।

বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি) এর এনফোর্সমেন্ট এন্ড ইন্সপেকশন ডিরেক্টরেট এর একটি পরিদর্শক দল কর্তৃক র‌্যাবের সহায়তায় গত ২৫/০৪/২০২৫ তারিখে রাজধানীর হাজারীবাগ এলাকায় অবৈধ ভিওআইপি কাজে ব্যবহৃত বিভিন্ন সরঞ্জাম জব্দ করা হয়। অবৈধ/অনুমোদনবিহীন ভিওআইপি ব্যবসা বন্ধের অংশ হিসেবে গত শুক্রবার হাজারীবাগ থানাধীন বাড্ডানগর লেন এলাকায় এই অভিযান পরিচালনা করা হয়। উক্ত অভিযানে মোট ২৫টি অবৈধ/অনুমোদনবিহীন সিমবক্স, বিভিন্ন মোবাইল ফোন অপারেটরের সর্বমোট ১৫৪৭টি (এক হাজার পাঁচশত সাতচল্লিশ) সিমকার্ড এবং ভিওআইপি কাজে ব্যবহৃত ২টি ল্যাপটপ ও কিছু রাউটার জব্দ করা হয়েছে। এর সঙ্গে জড়িত থাকার অপরাধে ০১ (এক) জনকে আটক এবং তার বিরুদ্ধে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন, ২০০১ এর বিধান অনুযায়ী রাজধানীর হাজারীবাগ থানায় মামলা দায়ের করা হয়েছে। অবৈধ/অনুমোদনবিহীন ভিওআইপি ব্যবসা পরিচালনা, ভিওআইপি সরঞ্জামাদি বিক্রয় ও বিপণন বন্ধে বিটিআরসি হতে নিয়মিত অভিযান পরিচালিত হচ্ছে। তাই অবৈধ ও অনুমোদনবিহীন ভিওআইপি ব্যবসা পরিচালনা, ভিওআইপি সরঞ্জামাদি ক্রয়-বিক্রয় হতে বিরত থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে বিটিআরসি'র পক্ষ থেকে বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে, অন্যথায় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

